18 FEB 2017

প্রথম আলো

# কারিগরি বোর্ড চালিত মেডিকেল টেকনোলজি কোর্স বন্ধের দাবি

নিজস্ব প্রতিবেদক ●

কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত মেডিকেল টেকনোলজি কোর্স বন্ধ করার দাবি জানিয়েছে বাংলাদেশ মেডিকেল টেকনোলজিস্ট অ্যাসোসিয়েশন (বিএমটিএ)। এ ছাড়া সরকারি চাকরিতে নিয়োগ শুরু করা এবং বেসরকারি চাকরিতে নীতিমালা ও বেতনকাঠামো প্রণয়নেরও দাবি করেছে মেডিকেল টেকনোলজিস্টদের সংগঠনটি।

সেগুনবাগিচায় ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে গতকাল শুক্রবার সকালে এক সংবাদ সম্মেলনে এই দাবি করেন মেডিকেল টেকনোলজিস্টরা। মেডিকেল টেকনোলজিস্টদের পেশাগত অধিকার নিশ্চিত করতে নবগঠিত বিএমটিএ আহ্বায়ক কমিটি এই সংবাদ সম্মেলনের আয়োজন করে।

সংবাদ সম্মেলনে বিএমটিএর আহ্বায়ক কমিটির সদস্যসচিব মো. আশিকুর রহমান বলেন, বেসরকারি ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার, ডেন্টাল সেন্টার চিকিৎসাপ্রতিষ্ঠানগুলোতে মেডিকেল টেকনোলজিস্টদের জন্য কোনো নির্দিষ্ট বেতনকাঠামো নেই। ফলে স্নাতক পাস করা অনেক টেকনোলজিস্টের বেসরকারি ব্যক্তি ও প্রতিষ্ঠানের সিদ্ধান্তে আড়াই হাজার থেকে তিন হাজার টাকার চাকরি করতে হচ্ছে। এ জন্য মেডিকেল টেকনোলজিস্টদের জন্য আলাদা করে বেসরকারি চাকরির নীতিমালা ও বেতনকাঠামো করতে হবে। সংবাদ সম্মেলনে বলা হয়, চিকিৎসাসেবা আইন, ২০১৬ তে মেডিকেল টেকনোলজিস্ট পদ অন্তর্ভুক্ত করা, মেডিকেল টেকনোলজিস্টদের সঠিক সংজ্ঞা নির্ধারণ করা ও সরকারি চাকরিতে নতুন নিয়োগ, পদমর্যাদা নিশ্চিতকরণে কমিটি কাজ করবে।